

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
 এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
 a2i.gov.bd
 Dhaka



স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১৩.২৯.০০২.২০.৫০

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৮

১০ আগস্ট ২০২১

বিষয়: জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ , জাতীয় তথ্য বাতায়নের নতুন ফিচার অবহিত করার লক্ষ্যে অধিদপ্তর/ অন্যান্য দপ্তরের কর্মকর্তাগণের দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ প্রসঙ্গে


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের ঘোষিত রূপকল্প-২০২১ তথা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারের সেবাসমূহ জনগণের দোরগোড়ায় পৌঁছে দেওয়ার অন্যতম মাধ্যম হলো জাতীয় তথ্য বাতায়ন। তথ্য অধিকার আইন-২০০৯ এর যথাযথ বাস্তবায়ন এবং ঘরে বসে নাগরিক সেবা সম্পর্কে সামগ্রিক ধারণা লাভসহ সেবাগ্রহণের অন্যতম প্ল্যাটফর্মে পরিণত হয়েছে জাতীয় তথ্য বাতায়ন। যার ফলশ্রুতিতে কারিগরি দিক থেকে অধিক মানসম্পন্ন, গতিশীল, সুষ্ঠু ও যুগোপযোগী তথ্য বাতায়ন নির্মাণসহ E-Government Development Index-এ বাংলাদেশের অবস্থান উন্নয়নের জন্য জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। জাতীয় তথ্য বাতায়নের বর্তমান কার্যক্রমকে আরও গতিশীল, কার্যকর এবং জাতীয় তথ্য বাতায়নের কন্টেন্ট ডিজাইন ও নতুন ফিচার সংযুক্তকরণ অবহিত করার লক্ষ্যে অধিদপ্তর ও অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের আবশ্যিকতা দেখা দেয়ায় ইতিমধ্যে ৮টি ব্যাচের প্রশিক্ষণ সমাপ্ত করা হয়েছে। বর্তমানে অবশিষ্ট অধিদপ্তর ও অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের নিয়ে ৪০টি ব্যাচের জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। এটুআই কর্তৃক জাতীয় তথ্য বাতায়নের কন্টেন্ট ডিজাইন ও নতুন ফিচার সংযুক্তকরণ অবহিত করার লক্ষ্যে অধিদপ্তর ও অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের অবশিষ্ট ৪০(চল্লিশ)টি ব্যাচের দিনব্যাপী অনলাইন প্রশিক্ষণক প্রশিক্ষণ আগামী আগস্ট ১২, ১৪, ১৬, ১৭, ১৮, ১৯, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৬, ২৮, ২৯, ৩০, ৩১, ২০২১ এবং সেপ্টেম্বর ১, ২, ৪ ও ৫, ২০২১ খ্রি তারিখ সংযুক্ত তালিকা অনুযায়ী প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মকর্তাগণকে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণের পূর্বে মুক্তপাঠের <http://www.muktopaath.gov.bd/course-details/25> সাইটে রেজিস্ট্রেশন করে অনলাইনে জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করে সার্টিফিকেটের কপি সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য যে, বর্ণিত তারিখের পূর্বে কর্মকর্তাগণের ই-মেইলে প্রশিক্ষণের সময়সূচিসহ জুম লিংক ও রেজিস্ট্রেশন লিংক প্রেরণ করা হবে। প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণকে বিধি মোতাবেক সম্মানী ভাতা ও ইন্টারনেট কানেক্টিভিটি ব্যয় প্রদান করা হবে।

৪। এমতাবস্থায় , জাতীয় তথ্য বাতায়ন বিষয়ক অনলাইন দিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় তথ্য বাতায়ন ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অংশগ্রহণের নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(প্রয়োজনে জনাব জিয়াউর রহমান, উপসচিব ও কনসালটেন্ট, ন্যাশনাল পোর্টাল ডোমেইন এক্সপার্ট , মোবাইল +৮৮০১৭১২৬৪৭৬২৯ ইমেইল-ziaur.rahman@a2i.gov.bd এর সাথে যোগাযোগ করা যাবে)।



১০-৮-২০২১

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
 যুগ্মসচিব(ই-গভর্ন্যান্স), মন্ত্রিপরিষদ বিভাগ ও যুগ্ম
 প্রকল্প পরিচালক, এটুআই।
 ফোন: ৫৫০০৬৯৩১-৩৪
 ফ্যাক্স: ৫৫০০৬৯৩৬
 ইমেইল: dewan.kabir@a2i.gov.bd


রেস্টুর /মহাপরিচালক/চেয়ারম্যান/নির্বাহী
 পরিচালক/ব্যবস্থাপনা পরিচালক/প্রধান
 প্রকৌশলী/পরিচালক(সকল)/অধিদপ্তর/দপ্তর/সংস্থা

স্মারক নম্বর: ৫৬.৪২.০০০০.০১৩.২৯.০০২.২০.৫০/১(৩)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৮
 ১০ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ২) কর্মকর্তা (সংশ্লিষ্ট অধিদপ্তর/ দপ্তর)।
- ৩) ইনোভেশন অফিসার (অধিদপ্তর/ দপ্তর)।



১০-৮-২০২১

ড. দেওয়ান মুহাম্মদ হুমায়ূন কবীর
 যুগ্মসচিব(ই-গভর্ন্যান্স), মন্ত্রিপরিষদ বিভাগ ও
 যুগ্ম প্রকল্প পরিচালক, এটুআই।